



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : dinajpureducationboard@gmail.com

স্মারক নং- ৪/কল/নীল/৮২/২০১৭

তারিখঃ ৩০/০৯/২০১৮

বিষয় : উচ্চ মাধ্যমিক পর্যায়ে প্রথম অস্থায়ী স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭০.৩৩.০০১.১৭.২৯৯, তারিখঃ ২৫/০৯/২০১৮ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে নীলফামারী জেলার কিশোরগঞ্জ উপজেলাধীন “চাঁদখানা মডেল কলেজ” -এ নিম্নলিখিত শাখা ও বিষয় সমূহসহ ০১/০৭/২০১৮ তারিখ হতে ৩০/০৬/২০২০ তারিখ পর্যন্ত মোট ০২ (দুই) বছর মেয়াদে উচ্চ মাধ্যমিক পর্যায়ে প্রথম অস্থায়ী স্বীকৃতি প্রদান করা হলো।

শাখাসমূহ :

১। মানবিক, ২। ব্যবসায় শিক্ষা, ৩। বিজ্ঞান।

বিষয়সমূহ :

আবশ্যিক :	১। বাংলা।
	২। ইংরেজি।
	৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি।
(ক) মানবিক শাখা :	১। অর্থনীতি।
	২। পৌরনীতি ও সুশাসন।
	৩। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি।
	৪। ইতিহাস।
	৫। যুক্তিবিদ্যা।
	৬। সমাজ বিজ্ঞান।
(খ) বিজ্ঞান শাখা :	১। পদার্থবিজ্ঞান।
	২। রসায়ন।
	৩। জীববিজ্ঞান।
	৪। উচ্চতর গণিত।
(গ) ব্যবসায় শিক্ষা শাখা :	১। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা।
	২। হিসাববিজ্ঞান।
(ঘ) সকল শাখার জন্য :	১। কৃষি শিক্ষা।

শর্তসমূহঃ

- ১। অনুমোদনের প্রেক্ষিতে নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
- ২। ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক-কর্মচারীকে এমপিওভুক্ত করা যাবে না।
- ৩। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বোর্ডের পূর্বনুমতি ছাড়া উঠানো যাবে না।
- ৪। কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সব সময় জমা রাখতে হবে।
- ৫। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শাঃ৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০০)- শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষণ পদ্ধতি “নির্দেশিকা” অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।
- ৬। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করতে হবে এবং হালনাগাদ অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।
- ৭। কলেজের জন্য নিয়মিত গভর্নিং বডি গঠন করে যথাসময়ের মধ্যে গভর্নিং বডির সদস্যদের নামের তালিকা অনুমোদনের জন্য বোর্ডে পাঠাতে হবে।

চলমান পাতা.....

- ৮। আগামী ০১ (এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা ও পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নিত করতে হবে।
- ৯। কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না, সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে।
- ১০। উল্লেখ্য, প্রতি পঞ্জিকা বর্ষের প্রতি ৩ (তিন) মাসে গভর্ণিং বডি'র ন্যূনতম একটি সভা অনুষ্ঠানসহ প্রবিধানমালা, ২০০৯ এর অন্যান্য সকল শর্ত পূরণ নিশ্চিত করতে হবে।
- ১১। কলেজের পরিবর্তী অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে;
- ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট
- খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট
- গ) অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির ফি বাবদ ৮,০০০/- (আট হাজার) টাকা বোর্ডের সচিব-এ অনুকূলে সোনালী সেবার মাধ্যমে জমা প্রদান করতে হবে।
- ১২। প্রতি বিষয়ে কমপক্ষে ২৫ জন করে ছাত্র-ছাত্রী ভর্তি করতে হবে।
- ১৩। গবেষণাগার ও গ্রন্থাগারে আরো প্রয়োজনীয় সংখ্যক যন্ত্রপাতি ও বই পুস্তকের সংখ্যা বাড়াতে হবে।
- ১৪। অধ্যক্ষ ও শিক্ষক সারণী বোর্ড অফিস কক্ষে প্রদর্শন করতে হবে।
- ১৫। অফিস কক্ষে চলতি সেশনের সকল শ্রেণীর ছাত্র-ছাত্রীর সংখ্যা এবং বিগত তিন বছরের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফলাফলের তালিকা সারণী বোর্ডে উল্লেখ থাকতে হবে।
- ১৬। উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- ১৭। সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;
- ১৮। বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
- ১৯। কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

অধ্যক্ষ,

চাঁদখানা মডেল কলেজ, (EIN-135536)
ডাকঘর ৪ চাঁদখানা
উপজেলা ৪ কিশোরগঞ্জ, জেলা ৪ নীলফামারী।



কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

স্মারক নং- ৪/কল/নীল/৮২/২৫২৭


তারিখঃ ৩০/০৯/২০১৮

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হ'ল :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, সোনারগাঁও রোড (পলাশী নীলক্ষেত), ঢাকা-১২০৫।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
- ৫। জেলা প্রশাসক, নীলফামারী।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর, রাজশাহী।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, কিশোরগঞ্জ, নীলফামারী।
- ৮। ওয়েব সাইট কপি।
- ৯। অফিস কপি।


কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।


৩০/০৯/১৮

জরুরী ভিত্তিতে ইন্টারেক্টিভ ওয়েব সাইট খুলুন এবং প্রতিদিন অত্র বোর্ডের ওয়েব সাইট দেখুন।